দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার

১০২-১০৩, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি আয়োজিত

৩২তম চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলা (CITF) ২০২৬

ইজারা-০১

মূল প্রবেশ গেইটের টিকেট বিক্রয় ও ব্যবস্থাপনার তফসিল

ইজারা তফসিল নং-

ইজারা দলিল সংগ্রহকারী প্রতিষ্ঠানের নাম ঃ.....

ঠিকানা ঃ .....

.....।

৩২তম চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলা (CITF), ২০২৬ কমিটি

সিসিসিআই, চট্টগ্রাম।

দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, ১০২-১০৩, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

ইজারা বিজ্ঞপ্তি

০১। কাজের নাম ঃ	**মূল প্রবেশ গেইটের টিকেট বিক্রয় ও ব্যবস্থাপনা**
০২। ইজারা দলিলের নগদ মূল্য (অফেরতযোগ্য) ঃ	২০,০০০/- (বিশ হাজার) টাকা মাত্র প্রতি সেট।
০৩। ইজারা দলিল সংগ্রহকারীর যোগ্যতা ও যে সকল দলিল জমা দিতে হবে ঃ	ক) ইজারা দলিল সংগ্রহকারী প্রতিষ্ঠানকে সিআইটিএফ/ ডিআইটিএফ এর অনুরূপ আন্তর্জাতিক মেলার কাজের অভিজ্ঞতা । খ) যে কোন তফসীলভুক্ত ব্যাংক থেকে আর্থিক স্বচ্ছলতা সনদপত্র। গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স। ঘ) হালনাগাদ আয়কর (TIN) সনাক্তকরণ সনদ। (ঙ) মূল্য সংযোজন কর (VAT) নিবন্ধন পত্র। **(চ) ইজারা দলিল দাখিলকারী প্রতিষ্ঠানের মালিকের সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি ইজারা দলিলের সাথে দাখিল করতে হবে।** (ছ) উল্লেখিত দলিলাদির মধ্যে যে কোন একটি দলিল দাখিল করতে ব্যর্থ হলে ইজারাপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৪। **সর্বনিম্ন মূল্য (Floor Rate) ঃ**	**টাকা ১,৭৫,০০,০০০/-(এক কোটি পঁচাত্তর লক্ষ) টাকা মাত্র। উক্ত মূল্যের কমে দাখিলকৃত ইজারা দলিল সরাসরি বাতিল বলে গণ্য হবে।**
০৫। **আর্নেষ্টমানি ঃ**	**ইজারা দলিল দাখিল করার সময় ইজারাদাতা প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তাবিত মোট মূল্যের ১০০% দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি এর নামে ব্যাংক পে-অর্ডার সংযুক্ত করে ইজারা দাখিল করতে হবে। ইজারা জমাদানকারী প্রতিষ্ঠান সর্বোচ্চ দরদাতা হিসেবে বিবেচিত হওয়ার পর প্রদত্ত পে-অর্ডার নগদায়ন সাপেক্ষে চেম্বার কর্তৃপক্ষ কার্যাদেশ প্রদান করবেন।**
০৬। টিকেট বিক্রয় ও ব্যবস্থাপনার সময়সীমা ঃ	১৬ নভেম্বর, ২০২৬ ইং থেকে ৩০ (ত্রিশ) দিন (তারিখ পরিবর্তনযোগ্য)।
০৭। ইজারা দলিল সংগ্রহের তারিখ ঃ	**০৪ নভেম্বর ২০২৬ ইং বুধবার হতে চেম্বারের ওয়েবসাইট থেকে ডাউনলোড পূর্বক সংগ্রহ করা যাবে।**
০৮। ইজারা দলিল দাখিল ঃ	অনলাইনে citf@chittagongchamber.com অথবা কুরিয়ারের মাধ্যমে অথবা রেজিস্টার ডাকে অথবা স্বশরীরে **দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (৪র্থ তলা), ১০২-১০৩, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।**
০৯। ইজারা দলিল জমা দেওয়া/পৌঁছানোর শেষ তারিখ ও সময় ঃ	**১১ নভেম্বর ২০২৬ ইং, বুধবার দুপুর ২.০০টা পর্যন্ত।**
১০। ইজারা দলিল খোলার তারিখ ও সময় ঃ	**১১ নভেম্বর ২০২৬ ইং, বুধবার বিকাল ৩.০০টা।**

১১। ইজারা দলিল দাখিলের পূর্বে ইজারা গ্রহীতাকে প্রয়োজনে কাজের এলাকা (রেলওয়ে পলোগ্রাউন্ড, চট্টগ্রাম) পরিদর্শন করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

১২। মেলা আয়োজনকারী প্রতিষ্ঠান দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি'র কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন/ সকল ইজারা দলিল গ্রহণ অথবা ইজারা দলিল বাতিল করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

৩২তম চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০২৬ কমিটি'র নির্দেশক্রমে -

স্বাক্ষরিত/-
(গোলাম মোস্তফা কামাল)
সচিব
দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি

দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, ১০২-১০৩, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

শর্তাবলী

০১। ৩২তম চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলা **(CITF)** ২০২৬ এর প্রবেশ গেইট ও টিকেট কাউন্টার চেম্বার কর্তৃপক্ষ ইজারাদারকে বুঝিয়ে দেবেন। **ইজারা গ্রহণকারী প্রতিষ্ঠান নিজ উদ্যোগে ও খরচে ৩০ (ত্রিশ) টাকা মূল্যমানের মেলার প্রবেশ টিকেট প্রিন্টিং এর ব্যবস্থা করবেন। টিকেটের ফরমেট দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি কর্তৃক অনুমোদিত হতে হবে।**

০২। টিকেটে ব্যতীত মেলার গেইট বা অন্য কোন স্থাপনা বা মেলা সংশ্লিষ্ট বিষয়ের উপরে কোন রকম স্পন্সরশীপ গ্রহণ করা যাবে না।

০৩। ইজারা প্রাপ্ত প্রতিষ্ঠানকে টিকেট বিক্রয়ের লক্ষ্যে বুঝিয়ে দেয়া নির্দিষ্ট স্থান (টিকেট বিক্রয়ের কাউন্টার) ছাড়া মেলা প্রাঙ্গনে অন্য কোন জায়গা কোন অবস্থাতেই ব্যবহার করা যাবে না। টিকেট কাউন্টারের আশে পাশে ও মেলা অভ্যন্তর/প্রাঙ্গনে নিজ/অন্য কোন প্রতিষ্ঠান/অংশগ্রহণকারীর পক্ষে কোন ধরণের প্রচারনা করা যাবে না।

০৪। ইজারাপ্রাপ্ত প্রতিষ্ঠান মেলা চলাকালীন সময়ে ১৬ নভেম্বর, ২০২৬ ইং থেকে ৩০ দিন (তারিখ ও দিন পরিবর্তনযোগ্য) টিকেট বিক্রয় করতে পারবেন।

০৫। চেম্বার কর্তৃপক্ষ মেলার মেয়াদকাল বৃদ্ধি করলে ইজারাদার প্রতিষ্ঠানকে বর্ধিত সময়ের জন্য আনুপাতিক হারে (ইজারার মোট মূল্য ÷ ৩০ X বর্ধিত দিন) হিসাবে টাকা প্রদান পূর্বক নতুন চুক্তি সম্পাদন করতে হবে, অন্যথায় চেম্বার বর্ধিত সময়ের জন্য টিকেট বিক্রয় ও ব্যবস্থাপনার লক্ষ্যে নতুন ইজারাদার নিয়োগ করবেন অথবা চেম্বার কর্তৃপক্ষ নিজ দায়িত্বে পরিচালনা করবেন।

০৬। **ইজারা দাখিল করার সময় ইজারাদাতা প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তাবিত মোট মূল্যের ১০০% দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি এর নামে পে-অর্ডার সংযুক্ত করে ইজারা দাখিল করতে হবে। ইজারা দলিল জমাদানকারী প্রতিষ্ঠান সর্বোচ্চ দরদাতা হিসেবে বিবেচিত হওয়ার পর প্রদত্ত পে-অর্ডার নগদায়ন সাপেক্ষে চেম্বার কর্তৃপক্ষ কার্যাদেশ প্রদান করবেন।**

০৭। প্রাপ্ত ইজারা দলিলসমূহের মধ্যে মূল্যায়নের ভিত্তিতে গ্রহণযোগ্য প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সর্বোচ্চ ইজারা দাখিলকারী ব্যতীত অন্য সকল আগ্রহী ইজারা দাখিলকারীদের (যদি থাকে) আর্নেষ্টমানির পে-অর্ডার চেম্বার সংশ্লিষ্ট কমিটি কর্তৃক মূল্যায়নের পরপরই নিজ প্রতিষ্ঠানের প্যাডে লিখিত আবেদনের প্রেক্ষিতে ফেরত দেয়া হবে। কিন্তু দ্বিতীয় ও তৃতীয় সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠানের আর্নেষ্টমানির পে-অর্ডার প্রথম সর্বোচ্চ ইজারাদাতা প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ গ্রহণের পর নিজ প্রতিষ্ঠানের প্যাডে লিখিত আবেদনের প্রেক্ষিতে ফেরত দেয়া হবে।

০৮। মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠান, চেম্বার ও মেলা আয়োজনের সাথে জড়িত সংশ্লিষ্টদের মেলা প্রাঙ্গনে অবাধ যাতায়াত নিশ্চিতকল্পে চেম্বার ৩৫০০ (তিন হাজার পাঁচশত) ছবি সম্বলিত মাল্টি এন্ট্রি গেইট পাস (যেকোন সময় যেকোন দিন) এবং ৫০০০ (পাঁচ হাজার) ছবিবিহীন ভিআইপি মাল্টি এন্ট্রি (যেকোন সময় যেকোন দিন) এবং ৩০০০ (তিন হাজার) ফাইভ টাইম এন্ট্রি গেইট পাস ইস্যু করবেন। এইসব পাশ প্রদর্শনকারী ব্যক্তিবর্গকে কোন প্রকার প্রশ্ন ব্যতিরেকে যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক মেলা প্রাঙ্গনে প্রবেশের সুযোগদানে ইজারাদার বাধ্য থাকবেন। গেইট পাশ ধারীদের প্রবেশ পথ ও বাহির গেইট সম্পূর্ণভাবে কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে থাকবে। এক্ষেত্রে ইজারাদারের কোন প্রকার কর্তৃত্ব থাকবে না।

০৯। মেলার Service Gate দিয়ে অংশগ্রহনকারী প্রতিষ্ঠানসমূহ প্রতিদিন রাত ১১.০০ টা থেকে পরদিন সকাল ১০.০০টার পূর্ব পর্যন্ত কোন অনুমতি ব্যতিরেকে অবাধে মালামালবাহী যানবাহনসমূহ বিনা টিকেটে প্রবেশ/বাহির করাতে পারবেন এবং ইজারা গ্রহণকারী প্রতিষ্ঠান এজন্য কোন প্রকার টাকা দাবী করতে পারবেন না। উল্লেখিত সময়ের পর অর্থাৎ সকাল ১০.০০ টার পর থেকে রাত ১১.০০ টার মধ্যে জরুরী ভিত্তিতে কোন মালামাল আনা-নেয়ার প্রয়োজন হলে চেম্বার কর্তৃপক্ষ বা মেলা মাঠে অবস্থিত চেম্বারের মেলা অফিসের চেম্বার প্রতিনিধির অনুমতিক্রমে কোন প্রকার এন্ট্রি পাস ব্যতীত মালামাল আনা-নেয়া করতে পারবেন। এ ব্যাপারে ইজারাপ্রাপ্ত প্রতিষ্ঠানের কোন প্রকার হস্তক্ষেপ বা আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১০। ইজারা গ্রহণকারী প্রতিষ্ঠান কখনই কোন অবস্থাতেই নির্ধারিত প্রতিদিন রাত ১১.০০ টা থেকে পরদিন সকাল ১০.০০ টা ব্যতীত অন্যকোন সময়ে চেম্বারের অনুমতি ব্যতীত কোন ধরণের গাড়ী/যানবাহন মেলা মাঠে প্রবেশ করাতে পারবেন না। এরূপ কোন অভিযোগ প্রমাণিত হলে ইজারা গ্রহণকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে মেলা কর্তৃপক্ষ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবেন।

১১। মেলা পরিদর্শনে আগত মন্ত্রী/ভিআইপি/সরকারী কর্মকর্তা/চেম্বার কর্তৃক আমন্ত্রিত দেশী-বিদেশী অতিথিবৃন্দ দায়িত্বপ্রাপ্ত চেম্বার কর্মকর্তার তত্ত্বাবধানে বিনা টিকেটে মেলা পরিদর্শন করবেন। এতে উল্লেখিতদের মেলা প্রঙ্গনে প্রবেশ করার ক্ষেত্রে কোন প্রকার বাধা দেয়া যাবে না।

১২। মেলায় একদিন করে রেলওয়ে পলোগ্রাউন্ড পাবলিক স্কুলসহ চেম্বার কর্তৃপক্ষ কর্তৃক আমন্ত্রিত বিভিন্ন স্কুলের ছাত্র/ছাত্রী তাদের স্ব-স্ব শিক্ষক/শিক্ষিকার নিয়ন্ত্রণে ও দায়িত্বপ্রাপ্ত চেম্বার কর্মকর্তা/প্রতিনিধির তত্ত্বাবধানে আগত স্কুল ছাত্র/ছাত্রীবৃন্দ বিনা টিকেটে মেলা পরিদর্শন করবেন।

১৩। মেলা প্রাঙ্গনে পুলিশ বাহিনী, র‍্যাব, ডিজিএফআই, এনএসআই এর সদস্য, চেম্বার কর্তৃক নিয়োগকৃত আনসার/প্রাইভেট সিকিউরিটির দায়িত্বে নিয়োজিত সদস্যবৃন্দ এবং বিদ্যুতের কাজে নিয়োজিত কর্মচারীবৃন্দ ও সিসিটিভি ক্যামেরা নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানসহ মেলায় যেকোন সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের শ্রমিক/কর্মচারীগণ বা ব্যক্তি এবং মেলা প্রাঙ্গন পরিস্কার পরিচ্ছন্নতার কাজে নিয়োজিত কর্মচারীবৃন্দ বিনা টিকেটে মেলা প্রাঙ্গনে যাতায়াত করবেন।

দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, ১০২-১০৩, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

১৪। কোন প্রকার প্রাকৃতিক দুর্যোগ, ভূমিকম্প, অগ্নিকান্ড, রাজনৈতিক গোলযোগ (হরতাল/ধর্মঘট/অবরোধ/ অসহযোগ) রাষ্ট্রীয়/সরকারী কোন সিদ্ধান্ত অথবা চেম্বার কর্তৃপক্ষের নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে কিংবা এ্যাক্ট অব গড এর ফলে উদ্ভূত পরিস্থিতির জন্য মেলা সাময়িক বা স্থায়ীভাবে বন্ধ হয়ে গেলে বা করতে হলে এ বিষয়ে কোন প্রকার অভিযোগ গ্রহণযোগ্য নয় বা চেম্বার কর্তৃপক্ষ এ বিষয়ে দায়ী থাকবে না এবং কোন ক্ষতিপূরণ চাওয়া যাবে না এবং পরিশোধ করা হবে না।

১৫। আগত দর্শনার্থীবৃন্দ মেলায় প্রবেশের জন্য ৩০ (ত্রিশ) টাকা মূল্যের টিকেট ক্রয়পূর্বক মেলা পরিদর্শন করতে পারবেন। ৪ (চার) বৎসর বয়স পর্যন্ত শিশুদের জন্য কোন প্রকার প্রবেশ মূল্য আদায় করা যাবে না। তাছাড়া কোন ব্যক্তির নিকট কোনক্রমেই অতিরিক্ত প্রবেশ মূল্য আদায় করা যাবে না।

১৬। প্রতিটি টিকেট কাউন্টারের সম্মুখে বাংলা ও ইংরেজীতে বড় অক্ষরে টিকেটের মূল্য লিপিবদ্ধ করতে হবে।

১৭। চেম্বারের সম্মানিত পরিচালকমন্ডলী, কর্মকর্তা ও কর্মচারীদের পরিবারের সদস্য ও অতিথিবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়ার সাংবাদিক/চিত্র সাংবাদিকবৃন্দকে গেইট পাস প্রদর্শন করা সাপেক্ষে যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক মেলা প্রাঙ্গনে প্রবেশের সুযোগ প্রদানের ব্যবস্থা করতে হবে। উল্লেখ্য যে, কোন কারনে প্রকৃত প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়ার সাংবাদিক/চিত্র সাংবাদিকবৃন্দ গেইট পাশ প্রদর্শনে ব্যর্থ হলে কোনরূপ অশোভন আচরণ ব্যতিরেকেই ইজারাদার চেম্বারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধিকে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন। উক্ত কর্মকর্তা/প্রতিনিধির তত্ত্বাবধানে পরিচয় নিশ্চিত হওয়া সাপেক্ষে উল্লেখিত সদস্যবৃন্দ বিনা টিকেটে মেলা পরিদর্শন করতে পারবেন।

১৮। ইজারা গ্রহণকারী প্রতিষ্ঠানকে মহিলা ও পুরুষদের জন্য পৃথক পৃথক টিকেট কাউন্টারের ব্যবস্থা করতে হবে। মহিলা টিকেট কাউন্টার ও গেইটে মহিলাদের প্রবেশ পথে মহিলা কর্তৃক টিকেট বিক্রয় করতে হবে।

১৯। ইজারা গ্রহণকারী প্রতিষ্ঠান গেইটে নিজস্ব ব্যবস্থায় শিক্ষিত, ভদ্র, সুদক্ষ ও অমায়িক ব্যবহার সম্পন্ন লোকবল নিয়োজিত রাখবেন। যাতে করে আগত দর্শনার্থীবৃন্দ কোন প্রকার বিরূপ ধারনা পোষন না করেন যা দর্শনার্থী সংখ্যা বৃদ্ধি ও মেলার ভাবমূর্তি সমুজ্জ্বলে সহায়ক হবে। এই ব্যাপারে ইজারা গ্রহনকারীকে অত্যন্ত সজাগ থাকতে হবে। কোন কারনে এতদসংক্রান্ত কোন প্রকার অবহেলা/অশোভন আচরণের অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে ইজারার কার্যাদেশ বাতিল (জামানত বাজেয়াপ্তসহ) করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং ইজারাদারের কোন প্রকার অজুহাত/আপত্তি বিবেচ্য হবে না।

২০। সন্দেহজনক চরিত্রের কোন ব্যক্তি বা অপরাধ চক্রের সাথে জড়িত অথবা পুলিশী তালিকাভূক্ত কোন ব্যক্তিকে দায়িত্বে নিয়োগ/নিয়োজিত করা যাবে না।

২১। ইজারা গ্রহণকারী প্রতিষ্ঠান নিজস্ব প্যাডে নাম, ছবি, পদবী এবং অফিস ও বাসার ঠিকানা, টেলিফোন ও মোবাইল নং উল্লেখ্য পূর্বক একজন দক্ষ, যোগ্য ও ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে দায়িত্ব ন্যস্ত করবেন যিনি সার্বক্ষণিকভাবে চেম্বার কর্মকর্তার সাথে যোগাযোগ রক্ষা পূর্বক যাবতীয় কার্যক্রম সমন্বয় করবেন। ইজারা গ্রহণকারী প্রতিষ্ঠানের পক্ষে উল্লেখিত ব্যক্তি ছাড়া অন্য কোন ব্যক্তিকে কোনরূপ আলোচনার জন্য চেম্বার কর্তৃপক্ষের কাছে গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে না এবং বর্ণিত ব্যক্তির সাথে সার্বিক যোগাযোগের জন্য তার জীবন বৃত্তান্ত চেম্বার কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করতে হবে।

২২। চেম্বার কর্তৃপক্ষ নিজস্ব প্রক্রিয়া/নিয়ম/সিদ্ধান্ত এর বাইরে আলাদাভাবে মেলা দর্শনার্থী আকর্ষণ সংক্রান্ত কোন ধরণের বাড়তি প্রচার/প্রচারণায় নিয়োজিত থাকবে/হবে না।

২৩। চেম্বার প্রেসিডিয়াম/পরিচালক/ভিআইপি/কর্মকর্তা/কর্মচারী এবং মাল্টি এন্ট্রি গেইট পাস ধারীদের জন্য স্বতন্ত্র এবং নির্দিষ্ট প্রবেশের এবং অভ্যর্থনার ব্যবস্থা করতে হবে।

২৪। ইজারা দলিল যে নামে সংগ্রহ করবেন একই নামে মূল প্রবেশ গেইটের টিকেট বিক্রয় ও ব্যবস্থাপনা/পরিচালনা করতে হবে। কোন প্রকার হস্তান্তর/সাবকন্ট্রাক্ট বা Power of Attorney দেয়া চলবে না। উল্লেখিত তৎসংক্রান্ত কাজ করিলে বা শর্তাবলীতে উল্লেখিত কোন শর্ত পালনে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত, কার্যাদেশ বাতিল এবং জরিমানাসহ কঠোর আইনগত ব্যবস্থা নেয়া হবে।

২৫। মেলা অভ্যন্তরে কোন প্রকার ভিক্ষুক, টোকাই, হকার, মানসিক ভারসাম্যহীন ব্যক্তিদেরকে টিকেট বিক্রয়ের মাধ্যমে প্রবেশ করানো যাবে না।

২৬। চেম্বার কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন ইজারা দলিল গ্রহণ অথবা সকল ইজারা দলিল বাতিলের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-
(গোলাম মোস্তফা কামাল)
সচিব
দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি

দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, ১০২-১০৩, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

ইজারা গ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক চেম্বারকে প্রদত্ত রয়্যালটি

কাজের নাম ঃ মূল প্রবেশ গেইটের টিকেট বিক্রয় ও ব্যবস্থাপনা

মোট মূল্য টাকা (অংকে).....

টাকা(কথায়).....

বিশেষ দ্রষ্টব্যঃ ইজারা দলিল দাখিল করার সময় জমাদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তাবিত মোট মূল্যের ১০০% **দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি** এর নামে পে-অর্ডার সংযুক্ত করে ইজারা দাখিল করতে হবে। ইজারা জমাদানকারী প্রতিষ্ঠান সর্বোচ্চ দরদাতা হিসেবে বিবেচিত হওয়ার পর প্রদত্ত পে-অর্ডার নগদায়ন সাপেক্ষে চেম্বার কর্তৃপক্ষ কার্যাদেশ প্রদান করবেন।

ইজারা জমাদানকারী প্রতিষ্ঠান কর্তৃক সর্বসাকুল্যে উদ্ধৃত

রয়্যালটি (অংকে).....

কথায়.....

সংযুক্ত পে-অর্ডার বিবরণীঃ

১। প্রস্তাবিত মোট মূল্য সংক্রান্ত ঃ

টাকা.....কথায়.....

পে-অর্ডার নং.....তারিখ.....

ব্যাংকের নাম .....শাখা.....

২। টেন্ডার সিডিউল মূল্য (অফেরতযোগ্য) ঃ

টাকা ২০,০০০/- (বিশ হাজার) টাকা মাত্র।

পে-অর্ডার নং.....তারিখ.....

ব্যাংকের নাম .....শাখা.....

ইজারা জমাদানকারী প্রতিষ্ঠানের নামঃ.....

মালিক/প্রতিনিধির নাম .....

ঠিকানা .....

.....

ফোন নং.....ইমেইল.....মোবাইল.....

ইজারা দরদাতার স্বাক্ষর ও সীল